



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৯ ডিসেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে মোটর সাইকেল আরোহীর ওপর গুলির ঘটনায় ইউপিডিএফ জড়িত নয়

‘আলোকিত রাঙামাটি’ নামের একটি অনলাইন নিউজ পোর্টালে “খাগড়াছড়িতে ইউপিডিএফ’র গুলিতে বাঙালি মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১” শিরোনামে প্রকাশিত খবরটি সর্বৈব মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও এ ধরনের কোন ঘটনার সাথে ইউপিডিএফ জড়িত নয় বলে জানিয়েছেন দলটির মুখপাত্র অংগ্য মারমা।

আজ শুক্রবার (২৯ ডিসেম্বর ২০২৩) রাতে সংবাদ মাধ্যমে দেয়া বিবৃতিতে তিনি বলেন, গত ১১ ডিসেম্বর ইউপিডিএফ ও সহযোগী সংগঠনের চার নেতাকে হত্যার প্রতিবাদে ইউপিডিএফের চলমান আন্দোলনকে বানচাল করে দেয়ার লক্ষ্যে এ ধরনের ঘটনার সাথে ইউপিডিএফকে জড়িয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টির অপচেষ্টা করা হচ্ছে।

বিবৃতিতে তিনি বিভ্রান্তিকর, মিথ্যা ও উদ্দেশ্যপ্রণাদিত সংবাদ পরিবেশন থেকে বিরত থাকার জন্য সকল গণমাধ্যমের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।